

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
আশ্রয়ণ-২ প্রকল্প  
তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০১.০০২.০০.০০.১৪১৭.২০১৬-৬ ৭৭৭

তারিখঃ ০৭/০৫/২০১৮খ্রিঃ

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরে কক্সবাজার জেলার খুরুশকুল মৌজায় ০১টি অস্থায়ী ক্যাম্প নির্মাণের জন্য স্থানান্তরকৃত অর্থ বহুতল ভবনে পুনঃভরণ।


সূত্র ১। ০৩.৭০১.০০২.০০.০০.১৪১৭.২০১৬-১৯৮২(ক), তারিখ ২৯/০৬/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে গত ২২/০৬/২০১৭খ্রিঃ তারিখে ১৯৭৭ নং স্মারকে বরাদ্দকৃত ১৪,০০,০০,০০০.০০ (চৌদ্দ কোটি) টাকা, চেক নং ৫৩২৩৬৮২, তারিখ ২২/০৬/২০১৭ খুরুশকুল মৌজায় বহুতল ভবন নির্মাণের জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দ হতে অস্থায়ী সেনা ক্যাম্প নির্মাণের জন্য ১৯,২০,৭৩৮.০০ (উনিশ লক্ষ বিশ হাজার সাতশত আটত্রিশ) টাকা স্থানান্তর করার জন্য নির্দেশ প্রদান করা হয়। এক্ষণে ঐ স্থানান্তরকৃত অর্থ বহুতল ভবনে পুনঃভরণ করার জন্য বরাদ্দ প্রদান করা হলো।

ক্রঃ নং	জেলা/উপজেলা	প্রকল্পের নাম	বরাদ্দকৃত অর্থ
১	কক্সবাজার/সদর	খুরুশকুল মৌজায় বিশেষ আশ্রয়ণ প্রকল্পে বহুতল ভবন নির্মাণ	১৯,২০,৭৩৮.০০
		মোট	১৯,২০,৭৩৮.০০
কথায় উনিশ লক্ষ বিশ হাজার সাতশত আটত্রিশ টাকা মাত্র।			

সংস্থার নাম	চেক নং ও তারিখ	টাকার পরিমাণ
পরিচালক, এম ও পরিদপ্তর, জিএস শাখা, সেনাসদর, ঢাকা	৬৮৩৮৫৫৫ তাং- ০৬/০৫/২০১৮	১৯,২০,৭৩৮.০০ (উনিশ লক্ষ বিশ হাজার সাতশত আটত্রিশ টাকা মাত্র)

- ২। ২০১৭-১৮ অর্থ বছরের আর্থিক বৎসর অনুযায়ী প্রদত্ত অর্থের বিপরীতে প্রকল্পভিত্তিক ভাউচার প্রেরণ করতে হবে।
- ৩। প্রদত্ত চেকের অর্থ সরকারের আর্থিক বিধি-বিধান এবং পিপিআর/২০০৮ এবং সংশোধিতসহ যথাযথভাবে অনুসরণপূর্বক ব্যয় করতে হবে।
- ৪। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৮ এর পূর্বে চালানের মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে ট্রেজারি কর্তৃক যাচাইকৃত চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৫। এ অর্থ অগ্রিম উত্তোলন করা হয়েছে বিধায় সরকারী আর্থিক বিধানমতে সমন্বয় বিল ভাউচার সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরপূর্বক ৩০শে জুন, ২০১৮ তারিখের মধ্যে এ অফিসে দাখিল করতে হবে।
- ৬। সংশোধিত ডিপিপি অনুযায়ী ভবন নির্মাণের গ্রোস মূল্যের উপর ভ্যাট ও লভ্যাংশ কর্তন করে বরাদ্দ প্রদান করা হবে।
- ৭। ভবিষ্যৎ নিরীক্ষার প্রয়োজনে ভাউচারসমূহের duplicate copy ফরমেশন পর্যায়ে সংরক্ষণ করতে হবে।
- ৮। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং- ১৫/মুসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মুসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

  
(আবুল কালাম শামসুদ্দিন)  
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)  
৯১২৪১০০

প্রিন্সিপাল স্টাফ অফিসার

পি এন্ড পি সেকশন, অপারেশন ও পরিকল্পনা পরিদপ্তর,  
সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক(প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কক্সবাজার।
৫. পরিচালক, এম ও পরিদপ্তর, জিএস শাখা, সেনাসদর, ঢাকা।
৬. মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব/সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, সিজিএ ভবন, ৪র্থ তলা, সেগুনবাগিচা, ঢাকা।
৮. উপজেলা নির্বাহী অফিসার, সদর/কক্সবাজার।
৯. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, প্রধানমন্ত্রীর কার্যালয় কর্পোরেট শাখা, তেজগাঁও, ঢাকা।
১০. অফিস কপি।